



মশার কামড় এবং মশাবাহিত রোগ থেকে বাঁচতে জেনে রাখা ভাল

- ১। ডেঙ্গু, চিকুনগুনিয়া এবং জিকার বাহক স্ত্রী *ঈডিশ মশা* অব্যবহৃত যেকোন ছোট পাত্র, ডাবের খোলা, প্লাস্টিক বা রাবারের জুতো, গাছের কোটর, কাটা বাঁশের মধ্যে সরু গর্ত, কলাগাছের পাতার গোড়া, অব্যবহৃত টায়ার, শামুকের খোলা, প্লাস্টিকের প্লাস বা কাপ, আইসক্রিমের কাপ, ভাঙা মিস্তির হাঁড়ি, মাটির পাত্র, টিনের পাত্র, পরিত্যক্ত ফুলের টব, খালি পিচের ড্রাম, পুরোনো ব্যাটারির খোল, গরুর জল খাওয়ার অব্যবহৃত পাত্র, ফুলদানি, বাড়ির চৌবাচ্চা, বালতি প্রভৃতির মধ্যে জমা পরিষ্কার জলে বংশবিস্তার করে।
- ২। ম্যালেরিয়ার বাহক স্ত্রী *অ্যানোফিলিস মশা* ছোট জলাশয়, ডোবা, পুকুর, কুয়ো, ধানক্ষেত, ছাদের জলাধার, বাড়ির চৌবাচ্চা, পরিত্যক্ত ফুলের টব, ফোয়ারা, ক্যানেল বা ঝর্ণার পরিষ্কার জলে এবং মজে যাওয়া নদী বক্ষে জমা জলে বংশবৃদ্ধি করে।
- ৩। গোদ রোগের এবং ওয়েস্ট নাইল ফিভার ভাইরাসের বাহক স্ত্রী *কিউলেব্র মশা* নর্দমার নোংরা বন্ধ জলে অথবা যেকোন জায়গায় জমে নোংরা জলে এবং *ম্যানসনিয়া মশা* পানা পুকুরে বংশ বৃদ্ধি করে।
- ৪। জাপানীজ এনসেফালাইটিসের বাহক স্ত্রী *কিউলেব্র ভিশনুই মশা* প্রধানত ধানক্ষেতে জমা জলে জন্মায়। এরা গরু শূকরের রক্ত খেতে বেশি ভালোবাসে।
- ৫। স্ত্রী *আর্মিজেরিস মশা* কোন রোগ না ছড়ালেও প্রচণ্ড কামড়ায়। পায়খানার চেম্বারে এরা বংশবিস্তার করে।
- ৬। স্ত্রী *ঈডিশ মশা* সাধারণত দিনে কামড়ায়। স্ত্রী *অ্যানোফিলিস*, *কিউলেব্র* এবং *ম্যানসনিয়া মশা* রাত্রে কামড়ায়। স্ত্রী *আর্মিজেরিস মশা* ভোরবেলা এবং সন্ধ্যাবেলা কামড়ায়। কোন প্রজাতির পুরুষ মশা রক্ত খায় না।
- ৭। ৯৮% সর্ষের তেল এবং ২% নিম তেল অথবা ৯৬% নারকেল তেল ৪% নিম তেলের মিশ্রণ গায়ে মাখলে মশার কামড় থেকে শতকরা ৯০ ভাগ নিরাপত্তা পাওয়া যায়।

আমরা কি করব :

- উপরে বলা সমস্ত ব্যবহৃত জিনিস এবং আবর্জনা শুধুমাত্র ডাস্টবিনেই ফেলব।
- নিজের নিজের পাড়ার গাছের কোটরগুলি হাঁটের টুকরো ও সিমেন্ট দিয়ে বন্ধ করব।
- অব্যবহৃত সমস্ত পাত্র উল্টে রাখব।
- বাড়ির ছাদের জলাধার সর্বদা ঢাকা দিয়ে রাখব ও বাড়ির ভেতরের বা উঠানের চৌবাচ্চা সাতদিন অন্তর পরিষ্কার করব।
- ফুলদানির জল এবং রেফ্রিজারেটরের নিচের ট্রে তে জমা জল ঘন ঘন ফেলে দেব।
- পায়খানার গ্যাস পাইপে মশারির জাল লাগাব। পায়খানার চেম্বারের জল বেরোনোর নালির মুখ দিয়ে মশা যাতায়াতের পথ বন্ধ করার ব্যবস্থা নেব।
- সারা বছর রাত্রে মশারি টাঙিয়ে শোব (বহুতলে বসবাস করলেও)। বর্ষাকালে দিনের বেলা গা হাত পা ঢাকা হালকা রঙের জামা কাপড় ও জুতো মোজা পরব। দিনের বেলা ঘুমালেও মশারি টাঙিয়ে শোব। মশা রুখতে জানালায় জাল লাগাব।
- অপেক্ষাকৃত বড় জলাশয়গুলিতে এবং ধানক্ষেতে মশার লার্ভাভুক মাছ যেমন- গাঙ্গি, গাম্বুসিয়া, তেচোখো ইত্যাদি মাছ ছাড়ার চেষ্টা করব।
- মশা নিয়ে যা জানাল্যাম তা সকলকে জানাবো।
- যে কোন রকম জ্বর হলেই ডাক্তারের পরামর্শ নেব।

আমরা কি করব না :

- অব্যবহৃত টায়ার খোলা জায়গায় রাখব না।
- বাড়ির আশেপাশে কলা গাছ লাগাব না।
- নর্দমা, পুকুর, ক্যানেল ইত্যাদিতে কোন আবর্জনা ফেলব না।
- পাড়ার পুকুরগুলিতে পানা, বিশেষ ভাবে টোপাপানা জন্মাতে দেব না।

নিউটাউন কলকাতা ডেভেলপমেন্ট অথরিটি কর্তৃক প্রচারিত।

সৌজন্যে : ড. গৌতম চন্দ্র, পতঙ্গবিদ, বর্ধমান বিশ্ববিদ্যালয় এবং সাম্মানিক উপদেষ্টা, এন কে ডি এ।